

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৬২৯

কৈলাসহর, ১০ নভেম্বর, ২০২৩

প্রতি ঘরে সুশাসন অভিযান ২.০

কৈলাসহরে বিকাশ সভা

উনকোটি কলাক্ষেত্রে আজ দ্বিতীয় পর্যায়ের প্রতি ঘরে সুশাসন অভিযানে বিকাশ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কৈলাসহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা দেবরায়। উপস্থিত ছিলেন কৈলাসহর মহকুমার মহকুমা শাসক তথা কৈলাসহর পুর পরিষদের মুখ্য কার্যনির্বাহী আধিকারিক প্রদীপ সরকার, অতিরিক্ত মহকুমা শাসক নবকুমার জমাতিয়া ও বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। সভায় সিদ্ধান্ত নেওয়া হয় আগামী ১৮ নভেম্বর থেকে পুর এলাকা ভিত্তিক সুশাসন শিবির অনুষ্ঠিত হবে। আগামী ১৬ ও ১৭ নভেম্বর উনকোটি কলাক্ষেত্রে পুর পরিষদ এলাকার ১নং থেকে ৮নং ওয়ার্ডের সুবিধাভোগীদের ও আগামী ২০ ও ২১ নভেম্বর পুর এলাকার ৭নং থেকে ১২ নং ওয়ার্ডের সুবিধাভোগীদের এবং আগামী ২৪ ও ২৫ নভেম্বর পুর এলাকার ১৩ থেকে ১৭ নং ওয়ার্ডের সুবিধাভোগীদের রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্প ও পরিষেবার সুবিধা দেওয়া হবে।

\*\*\*\*\*